

(প্রেস বিজ্ঞপ্তি)

২৮ এপ্রিল ২০২৪খ্রি.

ড. প্রণব কুমার বড়ুয়ার মৃত্যুতে শোক জানান
সিটি মেয়র মো. রেজাউল করিম চৌধুরী

বাংলাদেশ আওয়ামী লীগের উপদেষ্টা মন্ডলীর সদস্য, বাংলাদেশ বৌদ্ধ কৃষ্টি প্রচার সংঘের প্রাক্তন মহাসচিব ও একুশে পদকপ্রাপ্ত ব্যক্তিত্ব বিশিষ্ট শিক্ষাবিদ ড. প্রণব কুমার বড়ুয়ার মৃত্যুতে জাপান থেকে এক বার্তায় সিটি মেয়র বীর মুক্তিযোদ্ধা মো. রেজাউল করিম চৌধুরী গভীর শোক জানান। মেয়র মরহমের আত্মার শান্তি কামনা করেন এবং শোক সন্তপ্ত পরিবারের প্রতি সমবেদনা জ্ঞাপন করেন।

প্রচণ্ড তাপদাহে শ্রমজীবী ও পথচারীদের মাঝে সিটি মেয়র রেজাউল করিম চৌধুরীর পক্ষে

সুপেয় পানি ও শরবত বিতরণ করেন-ভারপ্রাপ্ত মেয়র

প্রচণ্ড তাপদাহে শ্রমজীবী ও পথচারীদের তৃষ্ণা নিবারণ এবং স্বাস্থ্য ঝুঁকি কমাতে নগরীর বিভিন্ন গুরুত্বপূর্ণ মোড়ে আজ থেকে সিটি মেয়র মো. রেজাউল করিম চৌধুরীর পক্ষে সুপেয় পানি ও শরবত বিতরণ শুরু করেন ভারপ্রাপ্ত মেয়র মোহাম্মদ গিয়াস উদ্দিন। শরবত বিতরণকালে তিনি বলেন, সূর্য সরাসরি বিষুবরেখার উপর অবস্থানের কারণে দেশের বিভিন্ন স্থানে তাপমাত্রা বৃদ্ধি পাচ্ছে। এই ধারাবাহিকতা আরো কয়েকদিন থাকবে বিধায় তাপমাত্রা ৩৫ থেকে ৪০ ডিগ্রী উঠানামা করবে। এ তাপমাত্রা উঠানামার কারণে ডি-হাইড্রেশন ও সান স্ট্রোক হওয়ার সম্ভাবনা রয়েছে। তাই নগরবাসীকে যথাসম্ভব ঘরে থাকা ও পরিমাণ মতো পানি পান করার আহ্বান জানাচ্ছি আমরা।

জলিল এস্টেটের রাস্তার উন্নয়ন কাজের উদ্বোধন করেন

ভারপ্রাপ্ত মেয়র মোহাম্মদ গিয়াস উদ্দিন

নগরীর পাথরঘাটা গাঁঙ্গা মন্দির জলিল এস্টেটের রাস্তার উন্নয়ন কাজের উদ্বোধন করেন চসিক ভারপ্রাপ্ত মেয়র মোহাম্মদ গিয়াস উদ্দিন। আজ সোমবার সকালে স্থানীয় ওয়ার্ড কাউন্সিলর পুলক খাস্তগীরের সভাপতিত্বে অনুষ্ঠিত উদ্বোধনী এক অনুষ্ঠানে বিশেষ অতিথি হিসেবে বক্তব্য রাখেন-ফিরিসী বাজার ওয়ার্ড কাউন্সিলর হাসান মুরাদ বিপ্লব, সংরক্ষিত কাউন্সিলর লুৎফুন নেছা বেবী দোভাষ। উপস্থিত ছিলেন-রনজন দাশ কানু, তরনী সেন, মওলানা ইউসুফ, রাধাবাশী দাশ, মোহাম্মদ জাহেদ, অনজন সিকদার, উৎপলেন্দু রাহা প্রমুখ।

চসিকের উচ্ছেদ অভিযান পরিচালিত ফলমণ্ডি, নিউ মার্কেট ও জুবলী রোডের মুখ পর্যন্ত

শতাধিক ফুটপাথের দোকানের মালামাল জব্দ ও উচ্ছেদ

চট্টগ্রাম সিটি কর্পোরেশনের আঞ্চলিক নির্বাহী কর্মকর্তা ও নির্বাহী ম্যাজিস্ট্রেট রেজাউল করিম, শাহরীন ফেরদৌসী, নির্বাহী ম্যাজিস্ট্রেট চৈতী সর্বাধিকার এবং স্পেশাল ম্যাজিস্ট্রেট মনিষা মহাজন আজ রবিবার দুপুরে যৌথভাবে নগরীতে উচ্ছেদ অভিযান পরিচালনা করেন। অভিযানকালে নগরীর ফলমণ্ডি হতে স্টেশন রোডের উভয়পাশ, নিউ মার্কেট মোড় ও নিউ মার্কেট হতে জুবলী রোডের মুখ পর্যন্ত নালা ও ফুটপাথ দখল করে অবৈধভাবে গড়ে উঠা স্থাপনা (টং দোকান) উচ্ছেদ করা হয়। এ সময় প্রায় শতাধিক অবৈধ স্থাপনার মালামাল জব্দসহ স্থাপনার সরঞ্জামাদি ভেঙ্গে দেওয়া হয়। অভিযান চলাকালীন সময় সিটি কর্পোরেশনের সংশ্লিষ্ট বিভাগের কর্মকর্তা-কর্মচারী, চট্টগ্রাম মেট্রোপলিটন পুলিশ ম্যাজিস্ট্রেটকে সহায়তা প্রদান করেন।

স্বাক্ষরিত/-

(আজিজ আহমদ)

জনসংযোগ অফিসার কাম প্রটোকল অফিসার

চট্টগ্রাম সিটি কর্পোরেশন।

মোবাইল-০১৮১৯-৯৩০ ৪৮৮